# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ ওবায়দুর রহমান চৌধুরী | সদস্য |
| ০২. | জনাব মোঃ আবুল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ সাফিয়া খাতুন, ফার্ম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব কবির হাসান (কারণ), ফার্ম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২৫/০১/২০২১ ইং তারিখঃ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. অনুমোদিত ০৪টি বস্তির তৃতীয় কিস্তির বিল ভাউচার সমন্বয় করা প্রসঙ্গে আলোচনা।
০৩. অনুমোদিত ০৪টি বস্তির কাজের অগ্রগতি প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি মোঃ রেজাউল করিম খোকন )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ২৫/০১/২০২১ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি মোঃ রেজাউল করিম খোকন, কাউন্সিলর ০২ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি মোঃ রেজাউল করিম খোকন এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ২৫/০১/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১. গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ০২। | অনুমোদিত ০৪টি বস্তির তৃতীয় কিস্তির বিল ভাউচার সমন্বয় করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি মোঃ রেজাউল করিম খোকন বলেন ০৪টি বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়নের জন্য তৃতীয় কিস্তিতে যে টাকা উত্তোলন করা হয়েছিল তার বিল ভাউচার সমন্বয় করা প্রসঙ্গে জানতে চান। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন, প্রথম কিস্তি এবং দ্বিতীয় কিস্তির টাকার বিল ভাউচার ইতি মধ্যে সমন্বয় করা হয়েছে। এবং তৃতীয় কিস্তির টাকার কাজ চলমান রয়েছে এবং টাকাও প্রায় শেষ পর্যায়ে। এমতাবস্থায় চতুর্থ কিস্তির টাকা উত্তোলনের আগেই তৃতীয় কিস্তির বিলভাউচার সমন্বয় করা হবে। কমিটির অপর সদস্য জনাব মোঃ আবুল হোসেন বলেন বস্তির অবকাঠামো কাজ দ্রুত শেষ করা দরকার। বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন হওয়ায় এলাকার জনগন ইউজিআইআইপি-৩ প্রকল্পকে ধন্যবাদ জানান। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব মোছাঃ শাহিনা খাতুন বলেন এলাকায় অবকাঠামো কাজ বাস্তবায়ন হওয়ায় এলাকাবাসী অত্যন্ত খুশি। কমিটির অপর সদস্য দরিদ্রশ্রেনীর প্রতিনিধি মোছাঃ সাফিয়া খাতুন বলেন বস্তির কাজের গুনগতমান অনেক ভালো। পরিশেষে অনুমোদিত ০৪টি বস্তির তৃতীয় কিস্তির বিল ভাউচার সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। অনুমোদিত ০৪টি বস্তির তৃতীয় কিস্তির বিল ভাউচার সমন্বয় করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি। |
| ০৩। | অনুমোদিত ০৪টি বস্তির কাজের অগ্রগতি প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি মোঃ রেজাউল করিম খোকন অনুমোদিত ০৪টি বস্তির কাজের অগ্রগতি প্রসঙ্গে জানতে চান। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন, ইতোমধ্যে আমরা ০৪টি বস্তির সম্পূর্ণ ফুটপাত ঢালাই এর কাজ শেষ করেছি। বর্তমানে বস্তি এলাকায় টয়লেট নির্মাণ এর কাজ চলমান রয়েছে। ০৩টি বস্তির টাইলস, প্যান ও রিং-স্লাব বসানোর কাজ সমাপ্ত হয়েছে। সেই সাথে বস্তিতে স্ট্রিট লাইট বসানোর কাজও চলমান রয়েছে। প্রকল্প কর্তৃক পশুহাটপাড়া বস্তির কাজ বন্ধ রাখায় উক্ত কাজ বাস্তবায়ন করা সম্ভব হয়নি। প্রকল্প কর্তৃক অনুমতি পেলেই উক্ত কাজ বাস্তবায়ন করা হবে। কমিটির অপর সদস্য পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন সকল বস্তিতেই পরিদর্শন কালে দেখা যায় কাজের গুনগতমান অনেক ভালো। তিনি দ্রুত বস্তির কাজ বাস্তবায়ন করার নির্দেশনা দেন। সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শেফালী খাতুন বলেন দ্রুত বস্তির অবকাঠামো কাজ শেষ করা দরকার। কমিটির অপর সদস্য জনাব মোঃ আবুল হোসেন বলেন বস্তিতে টিউবওয়েল বসানোর পূর্বে পানির মান যাচাইয়ের জন্য টেষ্ট টিউবওয়েল বসানোর প্রস্তাব করেন। কমিটির অপর সদস্য দরিদ্রশ্রেণীর প্রতিনিধি মোছাঃ সাফিয়া খাতুন বলেন বস্তিতে উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন হওয়ায় এলাকাবাসী আনন্দিত। পরিশেষে কমিটির সিদ্ধান্ত মোতাবেক দ্রুত অবকাঠামো কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। অনুমোদিত ০৪টি বস্তির অবকাঠামো কাজ দ্রুত বাস্তবায়ন করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব মুন্সি মোঃ রেজাউল করিম খোকন সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি মোঃ রেজাউল করিম খোকন)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-

তারিখঃ- ২৫/০১/২০২১ ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি মোঃ রেজাউল করিম খোকন)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন।　　　　　　　　　　　　　　　　　　　　তারিখঃ ২৫/০১/২০২১ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিন্মরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি মোঃ রেজাউল করিম খোকন | সভাপতি | |
| ২ | জনাব মোঃ ওবায়দুর রহমান চৌধুরী | সদস্য | |
| ৩ | জনাব মোঃ আবুল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ সাফিয়া খাতুন, রেল পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৮ | জনাব কবির হাসান (কারণ), ফার্ম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৯ | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | বস্তি উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২৪/০২/২০২১ ইং তারিখঃ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. অনুমোদিত ০৪টি বস্তির কাজের অগ্রগতি প্রসঙ্গে আলোচনা।
০৩. ঢেউটিন বিতরণ প্রসঙ্গে আলোচনা।
০৪. আর্থিক সাহায্য প্রদান প্রসঙ্গে আলোচনা।
০৫. বস্তিতে টিউবওয়েল স্থাপন করা প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ২৪/০২/২০২১ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ২৪/০২/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১. গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ০২। | অনুমোদিত ০৪টি বস্তির কাজের অগ্রগতি প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন আমি নির্বাচিত হওয়ার পর মেয়র মহোদয় আমাকে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি হিসাবে নির্বাচিত করেছেন। আমি সততা ও নিষ্ঠার সাথে উক্ত দায়িত্ব পালন করব। সেই সাথে অনুমোদিত ০৪টি বস্তির কাজের অগ্রগতি প্রসঙ্গে জানতে চান। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন, ইতোমধ্যে আমরা ০৪টি বস্তির সম্পূর্ণ ফুটপাত এর কাজ শেষ করেছি। বর্তমানে বস্তি এলাকায় টয়লেট নির্মাণ এর কাজ চলমান রয়েছে। ০৩টি বস্তির টাইলস, প্যান ও রিং-স্লাব বসানোর কাজ সমাপ্ত হয়েছে। সেই সাথে বস্তিতে স্ট্রিট লাইট বসানোর কাজও চলমান রয়েছে। প্রকল্প কর্তৃক পশুহাটপাড়া বস্তির কাজ বন্ধ রাখায় উক্ত বস্তির টয়লেটে টাইলস, প্যান, ও রিং-স্লাব বসানোর কাজ করা সম্ভব হয়নি। প্রকল্প কর্তৃক অনুমতি পেলেই উক্ত কাজ বাস্তবায়ন করা হবে। কমিটির অপর সদস্য পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন অল্প দিনের মধ্যেই বস্তির কাজ শেষ করা হবে। সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শাহিনা খাতুন বলেন দ্রুত বস্তির অবকাঠামো কাজ শেষ করা দরকার। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন, ভিমরুল্লা স্কুল পাড়া, তালতলা স্কুল পাড়া, মুসলিম পাড়া বস্তির টয়লেট নির্মানের কাজ প্রায় শেষ, এখন শুধু রং করা বাঁকি আছে। পরিশেষে দ্রুত কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ২। অনুমোদিত ০৪টি বস্তির অবকাঠামো কাজ দ্রুত বাস্তবায়ন করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি। |
| ৩। | ঢেউটিন বিতরণ প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন প্রাপ সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভার ০৯টি ওয়ার্ডের কিছু সংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে ঢেউটিন বিতরণ করব। কমিটির অপর সদস্য ০৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোঃ উজ্জল হোসেন বলেন অনেক পরিবার আছে যাদের ঘর করার মত সামর্থ্য নাই সে সকল পরিবারের মাঝে বিনামূল্যে ঢেউটিন বিতরণ করা খুবই জরুরী। সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শাহিনা খাতুন বলেন হত দরিদ্রদের মাঝে যাদেরয় ঘর করার মত কোন সামর্থ্য নেই তাদের মাঝে ঢেউটিন বিতরণ করা দরকার। দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন বলেন হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে ঢেউটিন বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। বিস্তারিত আলোচনার পর হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে ঢেউটিন বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে ঢেউটিন বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| । | আর্থিক সাহায্য প্রদান প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন আমরা পৌরসভার রাজস্ব ফান্ড হতে কিছু সংখ্যক গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদান করার প্রস্তাব করেন। কমিটির অপর সদস্য জনাব, মোঃ উজ্জল হোসেন বলেন হত দরিদ্রদের মাঝে আর্থিক সাহায্য প্রদান করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য জনাব, মোছাঃ শেফালী খাতুন বলেন, গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদনের মাধ্যমে যারা আর্থিক ভাবে অস্বচ্ছল তাদেরকে ব্যবসা বানিজ্যের মাধ্যমে আর্থিক ভাবে স্বচ্ছল করা সম্ভব। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন আর্থিক সাহায্য প্রদান করার ব্যাপারে একমত পোষণ করেন। পরিশেষে গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪। গরীব ও দুস্থ ব্যক্তিদের মাঝে আর্থিক সাহায্য প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ০৫। | বস্তিতে টিউবওয়েল স্থাপন করা প্রসঙ্গে আলোচনা। | কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন অনুমোদিত ০৪টি বস্তিতে দ্রুত টিউবওয়েল স্থাপন করা দরকার। কমিটির অপর সদস্য পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন ইতিমধ্যে ০৩টি বস্তিতে ০৩টি টেষ্ট টিউবওয়েল বসানো হয়েছে। টেষ্টের রিপোর্ট ভাল আসলেই বাঁকি টিউবওয়েল গুলো স্বল্প সময়ের মধ্যে বসানো সম্ভব হবে। কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন দ্রুত টিউবওয়েল গুলো স্থাপন করা হলে বস্তির জনগন বেশ উপকৃত হবে। পরিশেষে দ্রুত টিউবওয়েল স্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ৫। বস্তিতে দ্রুত টিউবওয়েল স্থাপন করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-

তারিখঃ- ২৪/০২/২০২১ ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন। তারিখঃ ২৪/০২/২০২১ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিম্নরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৯ | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | বস্তি উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ১৫/০৩/২০২১ ইং তারিখঃ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা।
০৩. হত দরিদ্রদের মাঝে রিং-স্লাব বিতরণ প্রসঙ্গে আলোচনা।
০৪. হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান প্রসঙ্গে আলোচনা।
০৫. দুস্থ ও গরীব ছাত্রদের মধ্যে শিক্ষা উপকরণ প্রদান প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ১৫/০৩/২০২১ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ১৫/০৩/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১. গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ০২। | বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, ০৪টি বস্তির অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে জানতে চান। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন, ইতোমধ্যে আমরা ০৪টি বস্তির সম্পূর্ণ ফুটপাত এর কাজ শেষ করেছি। বর্তমানে বস্তি এলাকায় টয়লেট নির্মাণ এর কাজ চলমান রয়েছে। ০৩টি বস্তির টাইলস, প্যান ও রিং-স্লাব, টয়লেটের গ্লাস প্লেট, টিস্যু হোল্ডার, সাবানদানি, ইলেকট্রিক কাজও সমাপ্ত হয়েছে। সেই সাথে ০৩টি বস্তিতে স্ট্রিট লাইট বসানোর কাজও শেষ হয়েছে। টয়লেটের শুধু রং এর কাজ বাঁকি আছে। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শেফালী খাতুন বলেন দ্রুত বস্তির অবকাঠামো কাজ শেষ করা দরকার। কমিটির সিদ্ধান্ত মোতাবেক দ্রুত অবকাঠামো কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। দ্রুত অবকাঠামো কাজ বাস্তবায়ন করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি। |
| ৩। | হত দরিদ্রদের মাঝে রিং-স্লাব বিতরণ প্রসঙ্গে আলোচনা | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন প্রত্যেক ওয়ার্ডের কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করার প্রস্তাব করেন। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন প্রত্যেক ওয়ার্ড থেকেই বেশ কিছু সংখ্যক রিং-স্লাবের আবেদন ইতিমধ্যে পৌরসভায় জমা পড়েছে। তাদের মধ্যে থেকে যাচাই বাছাই করে কিছু সংখ্যক পরিবারের মাঝে রিং-স্লাব প্রদান করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য পৌরসভার মেয়র জনাব, জাহাঙ্গীর আলম মালিক বলেন দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির সিদ্ধান্ত ও পৌর পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী খুব দ্রুতই হত দরিদ্র পরিবারের মাঝে রিং-স্লাব বিতরণ করা হবে। কমিটির অপর সদস্য ০৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ উজ্জল হোসেন বলেন প্রতি বছরের ন্যায় ২০২০-২০২১ ইং অর্থ বছরেও কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে রিং-স্লাব বিতরণ করা হবে। আলোচনা শেষে হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| । | হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন প্রাপ সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা দরকার। কমিটির অপর সদস্য ১নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোছাঃ শাহিনা খাতুন বলেন আমাদের পৌরসভা হতে প্রতি মাসেই কিছুসংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করে থাকি। কমিটির অপর সদস্য ৩নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোছাঃ শেফালী খাতুন বলেন পৌরসভা একটি সেবা মূলক প্রতিষ্ঠান। তারই ধারাবাহিকতায় আমরা কম বেশি হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা আমাদের উচিত। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন বলেন যাদের ঔষধ ক্রয়ের সামর্থ্য নাই তাদের মাঝে ঔষধ বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। পরিশেষে হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ৪। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৫। | দুস্থ ও গরীব ছাত্রদের মধ্যে শিক্ষা উপকরণ প্রদান প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন PRAP সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে আমরা দুস্থ ও গরীব ছাত্রদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ করা যেতে পারে। কমিটির অপর সদস্য ০৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ উজ্জল হোসেন বলেন পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের দুস্থ অসহায় ও হত দরিদ্র ছাত্রদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ করলে শিক্ষার মান আরও বৃদ্ধি পাবে। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা বলেন হতদরিদ্র ছাত্রদের মাঝে শিক্ষা উপকরণ ক্রয় বাবদ ২০২০-২০২১ইং অর্থ বছরে বাজেট বরাদ্ধ রাখা আছে। বিস্তারিত আলোচনা শেষে হতদরিদ্র ছাত্রদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৫। দুস্থ ও গরীব ছাত্রদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ- তারিখঃ- ১৫/০৩/২০২১ ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন। তারিখঃ ১৫/০৩/২০২১ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিম্নরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | [signature] |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | [signature] |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | [signature] |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | [signature] |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | শাহিনা |
| ৬ | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | [signature] |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | রুবি |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৯ | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | বস্তি উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | [signature] |